

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১২৯

كتاب النكاح عن رسول الله ﷺ) বিবাহ

পরিচ্ছেদঃ যে ইসলামে গ্রহণ করল এবং তার দশজন স্ত্রী ছিল।

باب مَا جَاءَ فِي الرَّجُلِ يُسْلِمُ وَعِنْدَهُ عَشْرُ نِسْوَةٍ

## আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا عَبْدَةُ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي عَرُوبَةَ، عَنْ مَعْمَرٍ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ غَيْلاَنَ بْنَ سَلَمَةَ التَّقَفِيَّ، أَسْلَمَ وَلَهُ عَشْرُ نِسْوَةٍ فِي الْجَاهِلِيَّةِ فَأَسْلَمْنَ مَعَهُ فَأَمَرَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم أَنْ يَتَخَيَّرَ أَرْبَعًا مِنْهُنَّ . قَالَ أَبُو عِيسَى هَكَذَا رَوَاهُ مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ . قَالَ وَسَمِعْتُ مُحَمَّدَ بْنَ عِيسَى هَكَذَا رَوَاهُ مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ . قَالَ وَسَمِعْتُ مُحَمَّدَ بْنَ السُّمَاعِيلَ يَقُولُ هَذَا حَدِيثٌ غَيْرُ مَحْفُوظٍ وَالصَّحِيحُ مَا رَوَى شُعْيَبُ بْنُ أَبِي حَمْزَة وَغَيْرُهُ عَنِ الزُّهْرِيِّ قَالَ حُدِيثُ عَنْ مُحَمَّد بْنِ سُويْدِ التَّقَفِيّ أَنَّ غَيْلاَنَ بْنَ سَلَمَةَ أَسْلَمَ وَغَيْرُهُ عَنِ الزُّهْرِيِّ قَالَ مُحَمَّدٌ وَإِنَّمَا حَدِيثُ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ أَنَّ رَجُلاً مِنْ وَعِنْدَهُ عَشْرُ نِسْوَةٍ . قَالَ مُحَمَّدٌ وَإِنَّمَا حَدِيثُ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ أَنَّ رَجُلاً مِنْ وَعِنْدَهُ عَشْرُ نِسُوَةٍ . قَالَ مُحَمَّدٌ وَإِنَّمَا حَدِيثُ أَلنَّ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ أَنَّ رَجُلاً مِنْ وَعِنْدَهُ عَشْرُ نِسُوةٍ . قَالَ لَهُ عُمَرُ لَتُرَاجِعَنَّ نِسَاءَكَ أَوْ لأَرْجُمَنَّ قَبْرَكَ كَمَا رُجِمَ قَبْرُ أَبِي وَعَيْسَى وَالْعَمَلُ عَلَى حَدِيثِ غَيْلاَنَ بْنِ سَلَمَةَ عِنْدَ أَصِحْالِنَا مَنْهُمُ الشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ .

## বাংলা

১১২৯. হান্নাদ (রহঃ) ..... ইবন উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, গায়লান ইবনু সালাম ছাকাফী যখন ইসলাম গ্রহণ করেন তখন তার অধিকারে জাহিলী আমলের দশ জন স্ত্রী ছিল। তাঁরাও তার সঙ্গে ইসলাম গ্রহণ করে। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে এদের মধ্যে চারজনকে নিজের জন্য বাছাই করে নিতে নির্দেশ দেন। - ইবনু মাজাহ ১৯৫৩, তিরমিজী হাদিস নম্বরঃ ১১২৮ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, মা'মার-যুহরী-সালিম-এর পিতা ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু সূত্রেও অনুরূপ বর্ণিত আছে। মুহাম্মাদ ইবনু ইসমাঈল বুখারী (রহঃ)-কে বলতে শুনেছি যে, এই হাদীসটি নির্ভরযোগ্য (মাহফুজ) নয়। শুআয়ব ইবনু আবূ হামযা প্রমুখ-যুহরী ও হামযা (রহঃ) সূত্রে বর্ণিত রিওয়ায়াতটি সাহীহ। ইমাম বুখারী বলেন, মুহাম্মাদ ইবনু সুওয়ায়দ ছাফাফী থেকে আমাকে বলা হয়েছে যে, গায়লান ইবনু সালামা যখন ইসলাম গ্রহণ



করেন তখন তাঁর ছিল দশ স্ত্রী ...। মুহাম্মাদ বুখারী (রহঃ) বলেনঃ যুহরীর রিওয়ায়াতটি হল সালিম-তৎপিতা ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, ছাকীফ গোত্রের জনৈক ব্যক্তি তার স্ত্রীদের তালাক দিয়ে দেয়। উমার রাদিয়াল্লাহু আনহু তাকে বললেন, তোমার স্ত্রীদের হয়ত ফিরিয়ে আনবে নয়ত তোমার কবরে আমি এমনভাবে প্রস্তর নিক্ষেপ করব যেভাবে আবূ রিগালের কবরে প্রস্তর নিক্ষেপ করা হয়। আমিলগণের গায়লান ইবনু সালামা রাদিয়াল্লাহু আনহু -এর হাদীস অনুসারে আমল রয়েছে। তাঁদের মধ্যে ইমাম শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ) রয়েছেন।

## **English**

Ibn Umar narrated:

"Ghilan bin Salamah Ath-Thaqafi accepted Islam and he had ten wives in Jahiliyyah who accepted Islam along with him. So the Prophet ordered (him) to chose four (of them)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন